# ♣ উত্তরপত্র

৩য় ধাপের প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান ২০১২

**Total questions : 80 Total marks : 80**

---

1) কোন বানানটি শুদ্ধ?

1) মরিচিকা
✔ 2) মরীচিকা
3) মরীচীকা
4) মরিচীকা

**ব্যাখ্যা :** মরীচিকা হচ্ছে আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের ফল।

2) ৪০ লিটার অকটেন-পেট্রোল মিশ্রণে, পেট্রোল ও অকটেনের অনুপাত ৩ : ১। এতে আর কত লিটার অকটেন মিশালে পেট্রোল ও অকটেনের অনুপাত ৫ : ২ হবে?

1) ৫ লিটার
2) ৩ লিটার
3) ৪ লিটার
✔ 4) ২ লিটার

**ব্যাখ্যা :** পেট্রোল : অকটেন = ৩ : ১
অনুপাতের যোগফল = ৩ + ১ = ৪

∴ পেট্রোলের পরিমাণ = ৪০ এর ৩/৪ = ৩০ লিটার
অকটেনের পরিমাণ = ৪০ এর ১/৪ = ১০ লিটার

মনেকরি
অকটেন মেশাতে হবে ক লিটার

প্রশ্নমতে,
৩০ : (১০ + ক) = ৫ : ২
৩০/ (১০ + ক) = ৫/২
৫০ + ৫ ক = ৬০
৫ক = ৬০ - ৫০
৫ক = ১০
ক = ২

Hello BCS

3) একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল কত হবে?

1) শূন্য
✔ 2) অসীম
3) ভূপৃষ্ঠের সমান
4) ভূপৃষ্ঠ থেকে কম

**ব্যাখ্যা :** পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান শূন্য। তাই একটি সরল দোলককে পৃথিবীর কেন্দ্রে নিলে তার দোলনকাল অসীম হবে।

4) কোন বানানটি শুদ্ধ?

1) Colaboretion
2) Colaboration
✔ 3) Collaboration
4) Collaboretion

5) নিষ্ক্রিয় গ্যাস নয় --

✔ 1) অক্সিজেন
2) নিয়ন
3) হিলিয়াম
4) আর্গন

**ব্যাখ্যা :** যেসব মৌল রাসায়নিকভাবে সক্রিয় নয় তাদের নিষ্ক্রিয় গ্যাস বলে। পর্যায় সারণির ডানদিকে শূণ্য গ্রুপে অবস্থিত গ্যাসীয় মৌল হল নিষ্ক্রিয় গ্যাস। এদের পরমাণুর বহিঃস্থ শেলে ইলেক্ট্রনের অষ্টক পূর্ণ থাকায় এরা রাসায়নিক ভাবে নিষ্ক্রিয়। এগুলো হল -হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপ্টন, জেনন, রেডন।

6) কুটিল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

1) সোজা
2) অকৃত্রিম
✔ 3) সরল
4) অকুটিল

7) বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কী?

1) ওয়াট
2) ওয়াট-ঘণ্টা
✔ 3) কিলোওয়াট-ঘণ্টা
4) কুলম্ব

Hello BCS

**ব্যাখ্যা :** এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িত্যন্ত্র এক ঘণ্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট ঘণ্টা বলে । এটি বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক।

8) কোনো স্থানে সময় যখন শনিবার সকাল ১০টা তখন এর ১৮০ ডিগ্রী পূর্বদিকে অবস্থিত স্থানের সময় হবে ----

✔ 1) শনিবার রাত্রি ১০টা
2) শনিবার রাত্রি ১০টা
3) শুক্রবার রাত্রি ১০টা
4) শনিবার ভোর ৪টা

9) সূর্যে শক্তি তৈরি হচ্ছে কোন প্রক্রিয়ায়?

1) রাসায়নিক প্রক্রিয়ায়
2) আণবিক শক্তি প্রক্রিয়ায়
✔ 3) পারমাণবিক শক্তি প্রক্রিয়ায়
4) বিদ্যুৎ বিশ্লেষণ প্রক্রিয়ায়

**ব্যাখ্যা :** যে প্রক্রিয়ায় একাধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠন করে এবং অত্যাধিক শক্তি নির্গত হয় তাকে নিউক্লিয় ফিউশন বা পারমাণবিক শক্তি প্রক্রিয়া বলে। সূর্যে শক্তি এই প্রক্রিয়ায় উৎপন্ন হয়।

10) কোন মাটির পানি ধারণ ক্ষমতা সবচেয়ে কম?

✔ 1) বেলে মাটি
2) বেলে মাটি
3) বেলে মাটি
4) এর কোনোটিই নয়

**ব্যাখ্যা :** বেলে মাটির প্রধান বৈশিষ্ট্য হলো এদের পানি ধারণ ক্ষমতা খুবই কম। এছাড়াও এতে বিদ্যমান মাটির কণার আকার সবচেয়ে বড় থাকে, ফলে কণাগুলোর মাঝে ফাঁকা জায়গ বেশি থাকে।

11) আমরণ' কোন সমাস (মরণ পর্যন্ত)?

1) তৎপুরুষ
2) তৎপুরুষ
✔ 3) অব্যয়ীভাব
4) বহুব্রীহি

12) I had written the letter.' বাক্যটির Passive form হবে---

1) The letter was written by me.
✔ 2) The letter had been written by me.
3) The letter was being written by me.

Hello BCS

4) The letter was wrote by me.

13) কোন প্রক্রিয়ার সাহায্যে উদ্ভিদ খাদ্য তৈরি করে?

1) শ্বসন
2) প্রস্বেদন
3) ব্যাপন
✔ 4) সালোকসংশ্লেষণ

**ব্যাখ্যা :** সালোকসংশ্লেষণ প্রক্রিয়ায় উদ্ভিদ সূর্যালোকের উপস্থিতিতে কোষস্থ পানি ও অন্যান্য জৈব রাসায়নিক পদার্থের সাথে Coz এর বিক্রিয়া ঘটিয়ে শর্করা জাতীয় খাদ্য তৈরি করে।

14) একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রি করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?

1) ১ঃ৫
✔ 2) ৫ঃ১
3) ২ঃ৫
4) ৫ঃ২

15) "আলোয়" আঁধার কাটে---বাক্যে উদ্ধৃত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1) অধিকরণে ৭মী
✔ 2) করণে ৭মী
3) অপাদানে ৭মী
4) কর্তায় ৭মী

**ব্যাখ্যা :** বিভিন্ন কারকে ৭মী বিভক্তি।
গাঁয়ে মানে না, আপনি মোড়ল। (কর্তায় ৭মী)
তিলে তৈল হয়। (অপাদানে ৭মী)

16) কোনটি 'Panic' শব্দের সমার্থক শব্দ?

1) Serenity
✔ 2) Horror
3) Calmness
4) Calmness

17) সার্কের বর্তমান মহাসচিব কোন দেশের?

1) নেপাল
2) পাকিস্তান
3) ভুটান
✔ 4) বাংলাদেশ

Hello BCS

**ব্যাখ্যা :** সার্ক (SAARC) আনুষ্ঠানিকভাবে গঠিত হয় ৮ ডিসেম্বর ১৯৮৫ সালে। সার্ক সচিবালয় নেপালের কাঠমাণ্ডুতে অবস্থিত। সার্কের প্রথম মহাসচিব বাংলাদেশের আবুল আহসান। সার্কের বর্তমান বা ১৩ তম মহাসচিব পাকিস্তানের আমজাদ হোসেন সিয়াল। I তিনি ১ মার্চ ২০১৭ দায়িত্ব গ্রহন করেছেন।

18) কোনটি শুদ্ধ বানান?

✔ 1) অন্বেষণ
2) অন্বেষন
3) অন্বেশন
4) অন্বেশণ

19) যিনি অধিক কথা বলেন না।' --এক কথায় কী হবে?

1) সংযত
✔ 2) মিতভাষী
3) অল্পভাষী
4) সন্ন্যাসী

20) একটি গ্রামের লোকসংখ্যা ৯% হারে বর্ধিত হয়ে ১৬৩৫ হলে পূর্বের লোকসংখ্যা কত ছিল?

1) ১৩৫০
2) ১৪০০
✔ 3) ১৫০০
4) ১৫৫০

**ব্যাখ্যা :**

৯% বৃদ্ধিতে বর্তমান জনসংখ্যা (১০০+৯) = ১০৯

বর্তমান জনসংখ্যা ১০৯ হলে পূর্বের জনসংখ্যা ১০০ জন

" " ১ " " " ১০০/১০৯ "

" " ১ " " " (১০০×১৬৩৫/১০৯) "

= ১৫০০ জন

21) সূর্যদীঘল বাড়ি' উপন্যাসটির রচয়িতা কে?

1) জহির রায়হান
2) মানিক বন্দ্যোপাধ্যায়
✔ 3) আবু ইসহাক
4) অন্নদাশঙ্কর রায়

Hello BCS

**ব্যাখ্যা :** জহির রায়হান - হাজার বছর ধরে
মানিক বন্দ্যোপাধ্যায় - পদ্মা নদীর মাঝি, জননী
অন্নদাশঙ্কর রায় - কন্কাবতী, মর্তের স্বর্গ

22) 'উনপাঁজুরে' বাগধারাটির অর্থ কি ?

1) সৌভাগ্যবান
✔ 2) হতভাগ্য
3) সুসময়
4) এর কোনটিই নয়

**ব্যাখ্যা :** উনপাঁজুড়ে অর্থ দুর্বল ও ব্যক্তিত্বহীন । উপরের উত্তরগুলোর মধ্যে সবচেয়ে কাছাকাছি উত্তর হতভাগ্য। তাই সঠিক উত্তর খ । সুত্র - ভাষা-শিক্ষাঃ ড হায়াৎ মাহমুদ (অধ্যায় - ৩, বাগধারা )

23) পৃথিবী পৃষ্ঠ থেকে উপরে উঠলে মাধ্যাকর্ষণ বল ---

✔ 1) কমে যায়
2) বেশি হয়
3) অপরিবর্তিত থাকে
4) কোনটিই নয়

**ব্যাখ্যা :** যে বলে পৃথিবী অন্য কোনো বস্তুকে আকর্ষণ করে তাকে মাধ্যাকর্ষণ বল বলে।

24) যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা কত দফার ভিত্তিতে পরিচালিত হয়?

1) ১০ দফা
2) ১৬ দফা
✔ 3) ২১ দফা
4) ২৬ দফা

**ব্যাখ্যা :** ১৯৫৪ সালের প্রাদেশিক নির্বাচনে অংশগ্রহণের উদ্দেশ্যে চারটি দল নিয়ে ৪ ডিসেম্বর ১৯৫৩ সালে যুক্তফ্রন্ট গঠিত হয়। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারণা ২১ দফার ভিত্তিতে পরিচালিত হয়। ২১ দফার প্রথম দফা ছিলো বাংলাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করা। যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক ছিল নৌকা।

25) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ---

1) ১৯৬০ সালে
2) ১৯৬২ সালে
3) ১৯৬৫ সালে
✔ 4) ১৯৬৬ সালে

Hello BCS

**ব্যাখ্যা :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম জেলার হাটহাজারীতে অবস্থিত। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় ১৯৬৬ সালের ১৮ নভেম্বর। এটি দেশের তৃতীয় এবং ক্যাম্পাস আয়তনের দিক থেকে দেশের সর্ববৃহৎ বিশ্ববিদ্যালয়। প্রথম উপাচার্য ছিলেন ইফতেখার উদ্দিন চৌধুরী। ল্যাম্পাসের আয়তন ১৭৫৪ একর।

26)
$a + 1/a = 3$ হলে $a^3 + 1/a^3$ এর মান হবে -

✔ 1) 18
2) 21
3) 27
4) 36

27) He died ---his country. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে -

1) in
2) on
3) to
✔ 4) for

28) কোনটি Collective Noun?

1) Truth
2) Harbour
✔ 3) Bank
4) Committee

29) "খনিতে" সোনা পাওয়া যায়---বাক্যে উদ্ধৃত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1) করণে ৭মী
✔ 2) অপাদানে ৭মী
3) অধিকরণে ৭মী
4) কর্তায় ৭মী

30) এ দেশের সরকারি কাজে 'ফারসি' ভাষা চালু করেন কে?

1) হুসেন শাহ
2) সম্রাট জাহাঙ্গীর
✔ 3) রাজা টোডরমল
4) ইংরেজরা

Hello BCS

**ব্যাখ্যা :** টোডরমল ছিলেন আকবরের রাজত্বকালে মোঘল সাম্রাজ্যের অর্থমন্ত্রী। তিনি সম্রাট আকবরের নয়জন উপদেষ্টা অর্থাৎ নবরত্নের একজন ছিলেন। টোডরমল রাজস্ব সংস্কারের জন্য ইতিহাস বিখ্যাত। টোডরমল উপমহাদেশে সরকারি কাজে 'ফারসি ভাষা চালু করেন।

31) The boy said, "Let me have a pencil." বাক্যটির Indirect speech হবে---

1) The boy said that he would have a pencil.
✔ 2) The boy said that he might have a pencil.
3) The boy told that he will have a pencil.
4) The boy told that he needed a pencil.

32) মিষ্টি আলু' কোন ধরনের খাদ্য?

1) আমিষ
✔ 2) শ্বেতসার
3) স্নেহ জাতীয়
4) ভিটামিন

33) আল্ট্রাভায়োলেট রশ্মি কোন রোগ সৃষ্টি করে?

1) ব্লাড ক্যান্সার
✔ 2) ব্লাড ক্যান্সার
3) ব্লাড ক্যান্সার
4) এইডস

**ব্যাখ্যা :** আল্ট্রাভায়োলেট রশ্মি সূর্য থেকে পৃথিবীতে আসে এবং মানুষের চর্ম ক্যান্সার ও অন্যান্য মারাত্মক রোগ সৃষ্টি করে।

34) ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?

✔ 1) ক্ষুধা + ঋত
2) ক্ষুধ + আর্ত
3) ক্ষুধা + রত
4) ক্ষুধার + ত

**ব্যাখ্যা :** ক্ষুধা+ঋত = ক্ষুধার্ত (স্বরসন্ধি)। অ-কার কিংবা আ-কারের পরে 'ঋত' শব্দ থাকলে (অ,আ+ঋ) উভয় মিলে 'আর' হয় এবং বানানে পূর্ববর্তী বর্ণে 'আ' ও পরবর্তী বর্ণে রেফ লেখা হয়। যেমনঃ শীত+ঋত = শীতার্ত

35) ১ হতে ৫৯ পর্যন্ত ক্রমিক সংখ্যাগুলোর গড় কত?

1) ২৭
2) ২৮
✔ 3) ৩০

Hello BCS

4) ৩১

36) পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের মোট আয়তনের শতকরা কত ভাগ বনভূমি থাকা আবশ্যক?

1) ১২ ভাগ
2) ১৫.৮ ভাগ
3) ১৯ ভাগ
✔ 4) ২৫ ভাগ

37) You have all done very badly!' remarked the teacher.--- বাক্যটির Indirect speech হবে---

✔ 1) The teacher remarked that they had all done it very badly.
2) The teacher told that they did it very badly.
3) The teacher said that they have done worsed.
4) The teacher remarked that they do it bad.

38) কোন ভিটামিনের অভাবে 'রাতকানা' রোগ হয়?

1) ভিটামিন 'ই'
✔ 2) ভিটামিন 'এ'
3) ভিটামিন 'বি'
4) ভিটামিন 'ডি'

**ব্যাখ্যা :** ভিটামিন এ এর অভাবে রাতকানা রোগ হয়।
ভিটামিন সি এর অভাবে স্কার্ভি রোগ হয়।
ভিটামিন ডি এর অভাবে শিশুদের রিকেট রোগ হয়।
ভিটামিন বি২ এর অভাবে মুখে ও জিহবাতে ঘা হয় এবং
ভিটামিন বি১ এর অভাবে বেরিবেরি রোগ হয়।

Hello BCS

39) পৃথিবী থেকে চাঁদের দূরত্ব কত?

✔ 1) ৩,৮৪,০০০ কিমি
2) ৩,৯৫,০০০ কিমি
3) ৪,০৫,০০০ কিমি
4) ৪,২০,০০০ কিমি

40) কত সালে জাতিসংঘ গঠিত হয়?

1) ১৯৪৩
2) ১৯৪৪
✔ 3) ১৯৪৫

4) ১৯৪৬

**ব্যাখ্যা :** জাতিসংঘ সনদ স্বাক্ষরিত হয় ২৬ জুন ১৯৪৫ সালে যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে। জাতিসংঘ সনদ কার্যকর হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৫১ টি। জাতিসংঘের অফিসিয়াল ভাষা ৬ টি ইংরেজি, ফরাসি, চীনা, রুশ, স্প্যানিশ ও আরবি। জাতিসংঘের বাজেট দু'বছরে একবার ঘোষিত হয়।

41) কোনটি Common Noun?

✔ 1) Pupils
2) Shamim
3) Class
4) Team

42) মোঘল বংশের প্রতিষ্ঠাতা কে?

✔ 1) বাবর
2) হুমায়ুন
3) শাহজাহান
4) আকবর

**ব্যাখ্যা :** মুঘলদের আদি বাসভূমি মঙ্গোলিয়া। ভারতীয় উপমহাদেশে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা জহিরউদ্দিন মুহাম্মদ বাবর।পানিপথের প্রথম যুদ্ধে ইব্রাহিম লোদীকে পরাজিত করে বাবর মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা করেন। পানিপথের প্রথম যুদ্ধ সংঘটিত হয় ২১ এপ্রিল ১৫২৬ সালে।

43) পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে --

1) বহুব্রীহি সমাস
2) দ্বন্দ্ব সমাস
3) কর্মধারয় সমাস
✔ 4) তৎপুরুষ সমাস

44) কম্পিউটার হার্ডওয়্যার বলতে বোঝানো হয় ---

1) স্মৃতি অংশ
2) কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশ
✔ 3) কম্পিউটার ও সংশ্লিষ্ট যান্ত্রিক সরঞ্জাম
4) শক্ত ধাতব অংশ

45) কোনটি 'Incite' শব্দের সমার্থক শব্দ?

1) Permit
2) Deceive
✔ 3) Instigate

Hello BCS

4) Urge

46) নাইট্রোজেনের প্রধান উৎস কি?

✔ 1) বায়ু
2) গাছপালা
3) মাটি
4) পানি

**ব্যাখ্যা :** নাইট্রোজেনের পারমাণবিক সংখ্যা ৭। বাতাসের ৭৮.২ % হচ্ছে নাইট্রোজেন, যা মৌলিক অবস্থায় আছে। তাই নাইট্রোজেনের প্রধান উৎস বায়ু।

47) নিচের কোনটি জীবাশ্ম জ্বালানী নয়?

1) কয়লা
✔ 2) বায়োগ্যাস
3) প্রাকৃতিক গ্যাস
4) প্রাকৃতিক গ্যাস

48) ডায়াবেটিস রোগ সম্পর্কে যে তথ্যটি সত্য নয় সেটি হল–

✔ 1)
চিনি জাতীয় খাবার বেশি খেলে এ রোগ হয়

2)
এ রোগ হলে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি পায়

3)
এ রোগ মানবদেহের কিডনী বিনষ্ট করে

4)
ইনসুলিন নামক একটি হরমোনের অভাবে এ রোগ হয়

**ব্যাখ্যা :** ইনসুলিনের ঘাটতিই হল এ রোগের মূল কথা। অগ্ন্যাশয় থেকে নিঃসৃত হরমোন ইনসুলিন, যার সহায়তায় দেহের কোষগুলো রক্ত থেকে গ্লুকোজকে নিতে সমর্থ হয় এবং একে শক্তির জন্য ব্যবহার করতে পারে। ইনসুলিন উৎপাদন বা ইনসুলিনের কাজ করার ক্ষমতা - এর যেকোনো একটি বা দুটোই যদি না হয়, তাহলে রক্তে বাড়তে থাকে গ্লুকোজ। আর একে নিয়ন্ত্রণ না করা গেলে ঘটে নানা রকম জটিলতা, দেহের টিস্যু ও যন্ত্র বিকল হতে থাকে।

49) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

1) A big number of money.
✔ 2) I met two women here.
3) Put your sign here.

Hello BCS

4) I have paid my schooling fees.

50) পৃথিবীর বৃহত্তম দ্বীপ কোনটি?

1) জাভা
✔ 2) গ্রীনল্যান্ড
3) আইসল্যান্ড
4) মাদাগাস্কার

51) কোনটি 'মেঘ' শব্দের সমার্থক শব্দ?

✔ 1) বারিদ
2) অম্বু
3) অনিল
4) ভূধর

**ব্যাখ্যা :** 'মেঘ' শব্দের সমার্থক- জলদ, বারিদ, জলধর, নীরদ, ঘন, পয়োধর প্রভৃতি।

52) ভূপৃষ্ঠে সবচেয়ে বেশি পাওয়া যায় ----

✔ 1) অক্সিজেন
2) হাইড্রোজেন
3) নাইট্রোজেন
4) কার্বন

**ব্যাখ্যা :** ভূপৃষ্ঠে অক্সিজেনের পরিমান ৪২.৭%

53) যা কষ্টে জয় করা যায়।' --এক কথায় কী হবে?

1) কষ্টার্জিত
2) পরিশ্রমলব্ধ
✔ 3) দুর্জয়
4) দুর্লভ

54) এইডস প্রতিরোধের ক্ষেত্রে কোনটি অধিকতর কার্যকরী?

✔ 1) সচেতনতা সৃষ্টি
2) শিক্ষার ব্যবস্থা
3) আক্রান্তদের এড়িয়ে চলা
4) আক্রোন্তদের প্রতি যত্নবান হওয়া

**ব্যাখ্যা :** অনিয়ন্ত্রিত যৌন মিলন, রক্তদান বা গ্রহণ এবং ড্রাগ ব্যবহারকারীদের সিরিঞ্জের মাধ্যমে এইডস ছড়ায়। তাই সচেতনতা সৃষ্টি করলে এইডস প্রতিরোধ করা সম্ভব।

Hello BCS

55) রক্তাক্ত প্রান্তর' নাটকটির রচয়িতা কে?

✔ 1) মুনীর চৌধুরী
2) হুমায়ুন আহমেদ
3) মমতাজ উদ্দিন আহমেদ
4) কল্যাণ মিত্র

**ব্যাখ্যা :** এছাড়াও মুনীর চৌধুরী'র অন্যান্য নাটকঃ কবর, চিঠি,পলাশী ব্যারাক ও অন্যান্য

56) নিচের ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি বৃহত্তম?

1) ১/২
✔ 2) ৪/৫
3) ৫/৭
4) ৪/৯

**ব্যাখ্যা :** ১/২ = ০.৫
৪/৫ = ০.৮
৫/৭ = ০.৭১
৪/৯ = ০.৪৪

57) ইরানের ইসলামি বিপ্লবের নায়ক কে?

1) মোহাম্মদ রেজা পাহলভি
2) আয়াতুল্লাহ আলী খামেনি
✔ 3) রুহুল্লাহ আয়াতুল্লাহ খোমেনি
4) আহমাদিনেজাদ

**ব্যাখ্যা :** ইরানের ইসলামী বিপ্লব হচ্ছে ১৯৭৯ সালে ঘটা একটি যুগান্তকারী বিপ্লব, যা ইরানকে পাশ্চাত্যপন্থী দেশ থেকে ইসলামি প্রজাতন্ত্রে পরিণত করে। এই বিপ্লবের নায়ক ছিলেন আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। তার নেতৃত্বে ১৬ জানুয়ারি ১৯৭৯ সালে মাত্র একদিনের গণঅভ্যুত্থানে ইরানের শেষ সম্রাট মোহাম্মদ রেজা শাহ পাহলভীর পতন হয়। ইমাম খোমেনির নেতৃত্বে ইরান ইসলামী প্রজাতন্ত্র হিসেবে আত্মপ্রকাশ করে ।

58) বাংলাদেশ সরকার কোন সালে 'জাতীয় পরিবেশ নীতি' ঘোষণা করে?

1) ১৯৯৫
2) ১৯৯৭
3) ১৯৯৯
✔ 4) ১৯৯২

Hello BCS

**ব্যাখ্যা :** বাংলাদেশ সরকার' জাতীয় পরিবেশ নীতি ' ঘোষণা করে ১৯৯২ সালে। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন করা হয় ১৯৯৫ সালে বাংলাদেশে পরিবেশ আদালত গঠন করা হয় ২০০১ সালে। পরিবেশ সংরক্ষণ নিরাপত্তা বিধিমালা করা হয় ১৯৯৭ সালে।

59) নিচের কোন গ্যাসটি বায়ুমণ্ডলে গ্রিনহাউস প্রভাবের জন্য দায়ী?

✔ 1) কার্বন-ডাই-অক্সাইড
2) অক্সিজেন
3) হাইড্রোজেন
4) হিলিয়াম

**ব্যাখ্যা :** গ্রিন হাউস ইফেক্ট বলতে মূলত তাপ আটকে পড়ে পৃথিবীর সার্বিক তাপমাত্রা বৃদ্ধিকে বুঝায়। বায়ুমণ্ডলে গ্রিনহাউস প্রভাবের জন্য কার্বনডাই অক্সাইড, সি এফ সি, মিথেন,নাইট্রাস অক্সাইড দায়ী ।

60) একজন মাঝি স্রোতের আনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় যাত্রাস্থানে ফিরে আসে । তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড়বেগ কত ?

✔ 1) ৫/৩
2) ৫/৬
3) ৭/৪
4) ১১/৬

**ব্যাখ্যা :** মোট সময় = ২+৪ = ৬ ঘন্টা
মোট অতিক্রান্ত দূরত্ব = +৫ = ১০ মাইল
∴ গড় বেগ = ১০/৬ = ৫/৩ মাইল/ঘন্টা

61) $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক

1) x+y+1
✔ 2) x+y-1
3) x-y-1
4) x-2y+1

**ব্যাখ্যা :** $x^2-y^2+2y-1$
$=x^2-(y^2-2y+1)$
$=x^2-(y-1)^2$
$=(x+y-1)(x-y+1)$

62) কোনটি শুদ্ধ বানান?

1) Trensparency
✔ 2) Transparency
3) Trensperency

4) Transperency

63) কোনো পরীক্ষায় ১৮% পরীক্ষার্থী ইংরেজিতে, ১২% পরীক্ষার্থী গণিতে এবং ৯% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে। শতকরা কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে?

✔ 1) ৭৯ জন
2) ৭৫ জন
3) ৭৭ জন
4) ৮২ জন

**ব্যাখ্যা :** শুধু ইংরেজীতে ফেল করে (১৮-৯)% = ৯%
শুধু গনিতে ফেল করে (১২-৯)% = ৩%
ইংরেজী বা গনিতে উভয় বিষয়ে ফেল করে (৯+৩+৯)% = ২১%
উভয় বিষয়ে ফেল করে (১০০-২১)% = ৭৯%

64) প্রথম 'সাফ' গেমস অনুষ্ঠিত হয় কোথায়?

✔ 1) কাঠমুণ্ডু
2) ঢাকা
3) নয়াদিল্লী
4) কলম্বো

65) খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে বনের পাখি ছিল বনে। একদা কী করিয়া মিলন হল দোঁহে, কী ছিল বিধাতার মনে। পঙ্‌ক্তিটির রচয়িতা কে?

✔ 1) রবীন্দ্রনাথ ঠাকুর
2) বিহারীলাল চক্রবর্তী
3) সত্যেন্দ্রনাথ দত্ত
4) কবি সুফিয়া কামাল

66) ১৩ সেমি ব্যাসবিশিষ্টি কোনো বৃত্তের কেন্দ্র হতে একটি জ্যা-এর লম্ব দূরত্ব ৫ সেমি হলে জ্যা-এর দৈর্ঘ্য হবে --

1) ২০ সেমি
✔ 2) ২৪ সেমি
3) ১৮ সেমি
4) ২২ সেমি

**ব্যাখ্যা :**

67) লঞ্চ ও স্রোতের গতিবেগ যথাক্রমে ঘণ্টায় ২০ কিমি ও ৪ কিমি। নদী পথে ১৯২ কিমি দূরত্ব অতিক্রম করে পুনরায় যাত্রাস্থানে ফিরে আসতে সময় লাগবে-

1) ৮ ঘণ্টা

Hello BCS

2) ৬ ঘণ্টা
✔ 3) ২০ ঘণ্টা
4) ১০ ঘণ্টা

**ব্যাখ্যা :** স্রোতের অনুকূলে বেগ = ২০ + ৪ = ২৪ কিমি/ঘণ্টা
∴ স্রোতের অনুকূলে যেতে সময় লাগে = ১৯২/২৪ = ৮ ঘণ্টা
স্রোতের প্রতিকূলে বেগ = ২০ - ৪ = ১৬ কিমি/ঘণ্টা
∴ স্রোতের প্রতিকূলে যেতে সময় লাগে = ১৯২/১৬ = ১২ ঘণ্টা
∴ মোট সময় লাগে = ৮ + ১২ = ২০ ঘণ্টা

68) সাধারণ তাপমাত্রায় কোন মৌলিক ধাতু তরল অবস্থায় থাকে?

1) সীসা
✔ 2) পারদ
3) ক্যালসিয়াম
4) লিথিয়াম

69) ১২ মাসে বছর ও ৩০ দিনে মাস এ গণনারীতি কাদের?

1) আরবীয়দের
✔ 2) আরবীয়দের
3) দাবিয়ুসের
4) ক্যাম্বসেসের

**ব্যাখ্যা :** মিশরীয় সভ্যতা গড়ে উঠেছিল নীল নদের তীরে। খ্রিস্টপূর্ব ৫০০০ অব্দ থেকে এই সভ্যতার সূচনা। ১২ মাসে এক বছর ৩০ দিনে একমাস, ৩৬৫ দিনে এক বছর এ গণনারীতি মিশরীয়দের। মিসরীয় সভ্যতার বিখ্যাত অবদান পিরামিড, লিখন পদ্ধতি, জ্যোতির্বিদ্যায় প্রভৃতিতে।

70) যদি ১২ জন শ্রমিক ৪ দিনে টাকা ২৮৮০ আয় করে, তবে ৮ জন শ্রমিক কতদিনে সমপরিমাণ টাকা আয় করবে?

1) ৩ দিনে
2) ৪ দিনে
3) ৫ দিনে
✔ 4) ৬ দিনে

**ব্যাখ্যা :** ১২জন শ্রমিক আয় করে ৪ দিনে
১ , , , , , , , , , ( ৪*১২) , ,
৮ , , , , , , , , , = ৪*১২/৮, ,
= ৬ দিনে।

Hello BCS

71) Who taught you English?' বাক্যটির Passive form হবে----

✔ 1) By whom were you taught English?
2) By whom had you been taught English?
3) By whom had you taught English?
4) By whom was you taught English?

72) Hard and fast' এর অর্থ ----

1) Diffcult matter
✔ 2) Fixed
3) Easy matter
4) Loose

73) (০১×০.০১×০.০০৪)/(০.০২×০.০০২) এর মান কত?

✔ 1) ০.১
2) ০.০১
3) ০.০২
4) ০.০০০১

**ব্যাখ্যা :** (০.১×০.০১×০.০০৪)/(০.০২×০.০০২) = (১×১×৪)/(১০×২×২) = ০.১

74) একজন দোকানদার ৮% লাভে একটি জিনিস ৫৪ টাকায় বিক্রি করেন। জিনিসটির ক্রয়মূল্য কত?

1) ৪৮ টাকা
✔ 2) ৫০ টাকা
3) ৫২ টাকা
4) ৪৬ টাকা

**ব্যাখ্যা :** ক্রয়মূল্য = (১০০×বিক্রয়মূল্য)/(১০০+লাভ)
= (১০০×৫৪)/(১০০+৮)
= (১০০×৫৪)/১০৮ = ৫০ টাকা

75) আসাদ কবে শহীদ হন?

✔ 1) ১৯৬৯ সালের ২০ জানুয়ারি
2) ১৯৬৯ সালের ২১ ফেব্রুয়ারি
3) ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি
4) ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি

**ব্যাখ্যা :** ১৯৬৯ এর গণঅভ্যুত্থানে আসাদ শহিদ হন ২০ জানুয়ারি ১৯৬৯ সালে। শহিদ আসাদের বাড়ি নরসিংদী জেলার হাতিরদিয়ায়। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র ছিলেন। ঢাকার বকশীবাজারের নবকুমার

Hello BCS

ইনস্টিটিউটের ছাত্র মতিউর রহমান শহিদ হন ২৪ জানুয়ারি ১৯৬৯ সালে। ২৪ জানুয়ারি গণঅভ্যুত্থান দিবস পালিত হয়।

76) কোনটির অভাবে কোয়াশিয়রকর রোগ হয়?

1) শ্বেতসার
2) ভিটামিন
✔ 3) আমিষ
4) খনিজ লবণ

77) He dose not attend-----his office timely. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে ---

1) to
2) in
✔ 3) at
4) on

78) কর্ণফুলী পেপার মিলস কোথায় অবস্থিত?

✔ 1) রাঙামাটির চন্দ্রঘোনায়
2) সিলেটের ছাতকে
3) পাবনার পাকশীতে
4) কুষ্টিয়ার জগতিতে

**ব্যাখ্যা :** কর্ণফুলী পেপার মিলস্ রাঙামাটির চন্দ্রঘোনায় অবস্থিত। মিলটি ১৯৫৩ সালে প্রতিষ্ঠিত হয় । মিলস্ এ কাঁচামাল হিসেবে প্রধানত বাঁশ ব্যবহার করা হয়।

79) ১২ জন শ্রমিক ৩ দিনে ৭২০ টাকা আয় করে। ৯ জন শ্রমিক সমপরিমাণ টাকা আয় করবে কত দিনে?

1) ৫ দিনে
✔ 2) ৪ দিনে
3) ৬ দিনে
4) ৩ দিনে

80) একটি সুষম পঞ্চভুজের একটি অন্তঃকোণের পরিমাণ হবে --

1) ৯০ ডিগ্রী
2) ১১০ ডিগ্রী
3) ১২০ ডিগ্রী
✔ 4) ১০৮ ডিগ্রী

**ব্যাখ্যা :** আমরা জানি, বহুভুজের পরিমাণ = (n - 2)/n × ১৮০°
= (৫-২)/৫ × ১৮০°

Hello BCS

= ৩/৫×১৮০°

= ১৮০°

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS